# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৩৮১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৪. প্রথম অনুচ্ছেদ - পবিত্রতা অর্জন ও সকাল সকাল মসজিদে গমন

بَابُ التَّنْظِيْفِ وَالتَّبْكِيْرِ

---

আরবী

عَنْ سَلْمَانَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَغْتَسِلُ رَجُلٌ يَوْمَ الْجُمُعَةِ وَيَتَطَهَّرُ مَا اسْتَطَاعَ مِنْ طُهْرٍ وَيَدَّهِنُ مِنْ دُهْنِهِ أَوْ يَمَسُّ مِنْ طِيبِ بَيْتِهِ ثُمَّ يَخْرُجُ فَلَا يُفَرِّقُ بَيْنَ اثْنَيْنِ ثُمَّ يُصَلِّي مَا كُتِبَ لَهُ ثُمَّ يُنْصِتُ إِذَا تَكَلَّمَ الْإِمَامُ إِلَّا غُفِرَ لَهُ مَا بَيْنَهُ وَبَين الْجُمُعَة الْأُخْرَى» . رَوَاهُ الْبُخَارِيّ

বাংলা

এ অধ্যায়ে পোশাক ও শরীর ময়লা থেকে পরিষ্কার করা এবং তার পূর্ণতা হলো তৈল ও সুগন্ধি লাগানো- এ বিষয়ে আলোকপাত করা হয়েছে।

’আন্ নিহায়া’ গ্রন্থে التبكير শব্দটি বাবে তাফ্’ইল থেকে এসেছে, অর্থাৎ প্রথম ওয়াক্তে সালাত আদায় করা। প্রত্যেক বিষয় যা দ্রুত করা হয় তাই التبكير।

---

১৩৮১-[১] সালমান (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি জুমু’আর দিন গোসল করবে, যতটুকু সম্ভব পবিত্রতা অর্জন করবে, তারপর নিজের তেল হতে তার শরীরে কিছু তেল মাখাবে, অথবা ঘরে সুগন্ধি থাকলে কিছু সুগন্ধি লাগাবে। তারপর মসজিদের দিকে রওনা হবে। দু’ব্যক্তির মধ্যে ফাঁক করবে না। যতটুকু সম্ভব সালাত (সালাত/নামায/নামাজ) (নফল) আদায় করবে। চুপচাপ বসে ইমামের খুতবাহ্ শুনবে। নিশ্চয় তার জুমু’আহ্ ও আগের জুমু’আর মাঝখানের সব (সগীরাহ্) গুনাহ মাফ করে দেয়া হবে। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৮৮৩, শারহুস সুন্নাত ১০৫৮, সহীহ আত্ তারগীব ৬৮৯, সহীহ আল জামি‘ ৭৭৩৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এক জুমু‘আহ্ ও অপর জুমু‘আর মাঝের গুনাহ ক্ষমা করা হবে।

অন্য বর্ণনায় রয়েছে, তার মাঝে ও অপর জুমু‘আর মাঝের পাপ মিটিয়ে দেয়া হবে। এখানে সেটা দ্বারা অতীত জুমু‘আহ্ উদ্দেশ্য, আবূ যার (রাঃ)-এর বর্ণনায় ইবনু খুযায়মাতে রয়েছে যে, غفر له ما بينه وبين الجمعة التي قبلها অর্থাৎ তার মাঝে ও পূর্ববর্তী জুমু‘আর মাঝের গুনাহ ক্ষমা করা হবে। তবে এখানে ক্ষমা দ্বারা صغيرة বা ছোট গুনাহ উদ্দেশ্য যেমন ইবনু মাজায় আবূ হুরায়রাহ্ (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীসে রয়েছে, ‘যতক্ষণ সে কাবীরাহ্ (কবিরা) গুনাহ থেকে বেঁচে থাকবে।’ যেমন- কুরআনুল কারীমে রয়েছে যে,

إِنْ تَجْتَنِبُوْا كَبَائِرَ مَا تُنْهَوْنَ عَنْهُ نُكَفِّرْ عَنْكُمْ سَيِّئَاتِكُمْ

অর্থাৎ ‘‘আমি তোমাদের সগীরাহ্ গুনাহ ক্ষমা করব.....।’’ (সূরাহ্ আন্ নিসা ৪ : ৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55941

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন